175

11 NOV 1997

দৈনিক সংবাদ

তারিখ ... 11 NOV 1997
পৃষ্ঠা ১২ কলাম ৮

# পরীক্ষা ইসলামের ইতিহাস, প্রশ্ন অর্থনীতির

কুষ্টিয়া, ১০ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতার ফোন)।– জেলার দৌলতপুর থানার মথুরাপুর পিপলস কলেজে আজ ডিগ্রি পরীক্ষায় ইসলামের ইতিহাস বিষয়ের প্রশ্নপত্রের প্যাকেটে অর্থনীতির প্রশ্নপত্র পাওয়া গেছে। দৌলতপুর থানা নির্বাহী কর্মকর্তা আবদুল্লাহেল বাকী আজ পরীক্ষা শুরুর আগে ইসলামের ইতিহাস বিষয়ের প্রশ্নপত্রের প্যাকেট খোলার পর ঐ বিষয়ের প্রশ্নপত্রের সাথে অর্থনীতিরও ২টি প্রশ্নপত্র দেখতে পান। ঐ ২টি প্রশ্নপত্র তার কাছেই রাখা আছে বলে কলেজ সূত্রে জানা গেছে।